

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৪০৬(আগরতলা,০৩।০১)  
ছৈলেংটা, ০৩ জানুয়ারী ২০১৮

### মনুঘাটে ধলাই জেলা ভিত্তিক স্বাস্থ্য মেলা শুরু ১০ই

ধলাই জেলা ভিত্তিক স্বাস্থ্য মেলা আগামী ১০ জানুয়ারী মনুঘাট মুক্তমঞ্চ প্রাঙ্গণে শুরু হবে। তিন দিন ব্যাপী স্বাস্থ্য মেলার সঙ্গে মেগা স্বাস্থ্য শিবিরেরও আয়োজন করা হয়েছে। স্বাস্থ্য মেলা সফল ভাবে আয়োজন করার জন্য গতকাল মনু ভিলেজ কমিটির ভাইস চেয়ারম্যান বিমল চন্দ্র দে-এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। ভিলেজ কমিটির চেয়ারম্যান নগেন্দ্র দাস সহ স্বাস্থ্য দপ্তরের আধিকারিকগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় সিদ্ধান্ত হয়েছে স্বাস্থ্য মেলায় বিভিন্ন দপ্তরের ২৫টি প্রদর্শনী মন্ডপ খোলা হবে। মেলার তিন দিনই সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মেলা ও স্বাস্থ্য শিবিরে অংশ নিতে সবার প্রতি আহ্বান জানানো হয়েছে।

\*\*\*\*\*